

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮২১

১/ বিবিধ

আরবী

احبسوا على المؤمنين ضالتهم، قالوا: وما ضالة المؤمنين؟ قال: العلم
موضوع

رواه الديلمي في " المسند " (1 / 1 / 20) وعفيف الدين أبو المعالي في " فضل العلم " (1 / 114) عن عمرو بن حكام عن بكر عن زياد بن أبي حسان عن أنس مرفوعا . قلت: وهذا موضوع، زياد هذا قال الحاكم والنقاش: " روى عن أنس وغيره أحاديث موضوعة " . وكان شعبة شديد الحمل عليه وكذبه، وقال الدارقطني: متروك " . وبكر هو ابن خنيس، قال النسائي وغيره: ضعيف وقال ابن حبان في " المجروحين " (1 / 186) : " يروي عن البصريين والكوفيين أشياء موضوعة يسبق إلى القلب أنه المتعمد لها " . وعمرو بن حكام ضعيف، وإنما آفة الحديث ممن فوقه . والحديث أورده السيوطي في " الجامع " من رواية الديلمي وابن النجار في " تاريخه " عن أنس فتعقبه المناوي بقوله: " وفيه إبراهيم بن هاني أورده الذهبي في " الضعفاء " وقال: " مجهول أتى بالبواطيل " . عن عمرو بن حكام تركه أحمد والنسائي . عن بكر بن خنيس قال الدارقطني: متروك عن زياد بن أبي حسان تركوه " . فاعجب من السيوطي كيف سود كتابه بحديث هذا حال إسناده، ثم ازدد عجا منه حين تعلم أنه هو نفسه أورده الحديث في ذيل الأحاديث الموضوعة " (ص 42) من رواية الديلمي

৮২১। তোমরা মুমিনদের হারিয়ে যাওয়া বস্তুকে আটক করো। তারা বললোঃ মুমিনদের হারিয়ে যাওয়া বস্তু কী? তিনি বললেনঃ জ্ঞান।

হাদীছটি জাল।

এটি দাইলামী "আল-মুসনাদ" (১/১/২০) গ্রন্থে এবং আফীফুদ্দীন আবুল মা'আলী "ফায়লুল ইলম" (১/১১৪) গ্রন্থে আমর ইবনু হুন্সাম হতে তিনি বাকর হতে তিনি যিয়াদ ইবনু আবী হাসসান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। এই যিয়াদ সম্পর্কে হাকিম এবং নাক্কাস বলেনঃ তিনি আনাস (রাঃ) ও অন্যদের থেকে বহু বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। শুবাহ তার ব্যাপারে খুবই কঠোর ছিলেন। তিনি তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। বাকর হচ্ছেন ইবনু খুনায়েস। তার সম্পর্কে নাসাঈ ও অন্য বিদ্বানগণ বলেছেনঃ তিনি দুর্বল। ইবনু হিব্বান "আল-মাজরুহীন" (১/১৮৬) গ্রন্থে বলেনঃ তিনি বাসরী এবং কূফীদের থেকে বানোয়াট বহু কিছু বর্ণনা করেছেন। এমনকি হৃদয় ধাবিত হবে যে, তিনি তা ইচ্ছাকৃতই করেছেন। আর আমর ইবনু হুন্সাম দুর্বল। হাদীছটির বিপদ তার উপরের ব্যক্তি হতে।

আজব ব্যাপার এই যে, সুয়ুতী নিজে হাদীছটি "ফায়লুল আহাদীছিল মাওয়ুআহ" (পৃঃ ৪২) গ্রন্থে উল্লেখ করার পরেও কিভাবে "আল-জামে" গ্রন্থে দাইলামী এবং ইবনুন নাজ্জারের "আত-তিরখ" গ্রন্থের বর্ণনা হতে উল্লেখ করলেন!

যাতে ইবরাহীম ইবনু হানী রয়েছেন। যাহাবী তাকে "আয-যোয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি মাজহুল বাতিলগুলো বর্ণনা করেছেন। আমরকে ইমাম আহমাদ ও নাসাঈ পরিত্যাগ করেছেন। দারাকুতনী বাকরকে মাতরুক আখ্যা দিয়েছেন

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71700>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন